শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদ্রাসা শাখা-১
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৭৫.০১১.০৪.২০.৭১ তারিখঃ ০৭ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ১৮.০৭.২০২১ তারিখের ৮০.০০.০০০০.১০৯.১১.০০২.২০২০-৬৫ নং স্মারক পত্রের সুপারিশক্রমে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) এর ১ম শ্রেণীর বিভিন্ন নন-ক্যাডার পদে সাময়িকভাবে সুপারিশকৃত নিম্নোক্ত প্রার্থীগণকে তাঁর নামের পাশে উল্লিখিত পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ২২০০০-৫৩০৬০/-বেতনক্রমে (৯ম গ্রেড) সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিয়োগ/পদায়ন করা হলো:

**শর্তাবলী:**

(ক) যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক-নিয়োগ জীবন বৃত্তান্ত যাচাই এবং স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনের ক্ষেত্রে কোনরূপ বিরূপ মন্তব্য/আপত্তি উত্থাপিত হলে সাথে সাথে তাঁর নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে এবং চাকরি থেকে বরখাস্তসহ তাঁর বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

(খ) তাঁকে সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে; শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের সঙ্গে পরামর্শ ব্যতিরেকেই তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) উপানুচ্ছেদ (খ)-এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন এবং উপানুচ্ছেদ (গ)-এ উল্লিখিত শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঙ) উপানুচ্ছেদ (খ)-এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ ভ্রমণভাতা/ অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ তিনি ফেরত দিতে বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;

(চ) তিনি যদি ইস্তফা প্রদান করেন, তবে সরকার কর্তৃক তা গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সুপারিশকৃত ফলাফলের ভিত্তিতে এবং প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(জ) পরবর্তীতে যে কোন সময় প্রার্থীর যোগ্যতার শর্তের অপূর্ণতা, দুর্নীতি, জালিয়াতি, অসত্য তথ্য প্রদান, তথ্য গোপন বা অন্য কোন ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদি যথাযথ না থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং তাঁর বিরুদ্ধে যে কোন উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে;

(ঝ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঞ) চাকুরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ট) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত কোন বিষয় সরকারের প্রচলিত আইন, বিধি-বিধান, প্রজ্ঞাপন ও আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে;

(ঠ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সংবলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ড) বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে এ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে; এবং

(ঢ) চাকরিতে যোগদানের জন্য কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

০২. অনুচ্ছেদ ১-এ উল্লিখিত শর্তাবলি তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ০৫/১০/২০২১ খ্রি: তারিখের মধ্যে তাঁদের নামের পাশে বর্ণিত পদে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), বোর্ডবাজার, গাজীপুর-এ যোগদানের জন্য অনুরোধ করা হ'ল। নির্ধারিত তারিখের মধ্যে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং তাঁর নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৩. বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)-এ নিয়োগের জন্য বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় কর্তৃক সুপারিশকৃত ০৭ (সাত) জন প্রার্থীর নামের তালিকা:

| ক্রঃ নং | নাম, পিতার নাম ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | পদের নাম ও গ্রেড | রেজিঃ নং |
|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ আবু ছালেহ<br>পিতা-মোঃ আবুল কাশেম<br>মাতা- নাজমা বেগম | গ্রামঃ উলিপুর<br>পোঃ তাড়াশ<br>উপজেলাঃ তাড়াশ<br>জেলাঃ সিরাজগঞ্জ | প্রভাষক (আরবি)<br>(৯ম গ্রেড) | ০৯৭৭৩৫ |
| ২. | জনাব মোঃ আলহাদী সরকার<br>পিতা-মোঃ আবুল হোসেন সরকার<br>মাতা- নূরজাহান | গ্রামঃ সোনারায়<br>পোঃ সোনারায়<br>উপজেলাঃ সুন্দরগঞ্জ<br>জেলাঃ গাইবান্ধা | প্রভাষক (আরবি)<br>(৯ম গ্রেড) | ১১৬৫৮০ |
| ৩. | জনাব মিহির দেবনাথ<br>পিতা-মনোহর দেবনাথ<br>মাতা-উষা দেবী | গ্রামঃ মজলিশপুর<br>পোঃ দিরাই চান্দপুর<br>উপজেলাঃ দিরাই<br>জেলাঃ সুনামগঞ্জ | প্রভাষক (বাংলা)<br>(৯ম গ্রেড) | ৬০৫৩৯৬ |
| ৪. | জনাব সূচনা আক্তার<br>পিতা- মো: হারুন অর রশিদ<br>মাতা-মোছাঃ সাবিহা আক্তার | গ্রামঃ জামিরদিয়া<br>পোঃ হবিরবাড়ি<br>উপজেলাঃ ভালুকা<br>জেলাঃ ময়মনসিংহ | প্রভাষক (শিক্ষা)<br>(৯ম গ্রেড) | ০৮৯২২৮ |
| ৫. | জনাব মো: গোলাম কুদ্দুস<br>পিতা-আবুল বশর<br>মাতা-ফিরোতাজ বেগম | প্রযত্নে মো: গোলাম মোস্তফা<br>গ্রামঃ দক্ষিণ সুন্দরীপাড়া<br>পোঃ রাজাখালী<br>উপজেলাঃ পেকুয়া<br>জেলাঃ কক্সবাজার | প্রভাষক (ইংরেজি)<br>(৯ম গ্রেড) | ৩০৭১৬৬ |
| ৬. | জনাব তানিয়া আক্তার<br>পিতা: মো: আব্দুস সাত্তার<br>মাতা: খালেদা বেগম | প্রযত্নে- মো: আব্দুর রাজ্জাক বেপারী,<br>গ্রামঃ গাজিরপাড়, হোল্ডিং নং-৫৫, বাড়ি নং-২৪০<br>ওয়ার্ড-০৪<br>পো: গাজিরপাড়<br>উপজেলা: উজিরপুর<br>জেলা: বরিশাল | প্রভাষক (আল-হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ/ইসলামিক স্টাডিজ)<br>(৯ম গ্রেড) | ০৮৭৭০৯ |
| ৭. | জনাব মোঃ আবদুল কাইয়ুম<br>পিতা-শাখাওয়াত হোসেন<br>মাতাঃ জয়নব বিবি | প্রযত্নে শাখাওয়াত হোসেন; পাটাওয়ারি বাড়ি; গ্রামঃ উত্তর জয়নগর<br>পোঃ চাউলতাতলী<br>উপজেলাঃ দৌলতখান<br>জেলাঃ ভোলা | প্রভাষক (গণিত)<br>(৯ম গ্রেড) | ১২৮২৮০ |

০৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২২/০৯/২০২১

(সুলতানা আক্তার)
উপসচিব
ফোন: ০২-৯৫৪৬৫৯৮

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৭৫.০১১.০৪.২০.৭১ তারিখঃ ০৭ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
০২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়।
০৫. সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
০৬. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।
০৭. অতিরিক্ত সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৮. অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), বোর্ডবাজার, গাজীপুর (নির্ধারিত তারিখের পরে সংশ্লিষ্ট কর্মকর্তাদের যোগদানের তথ্য প্রেরণের অনুরোধসহ)।
০৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
১২. উপ-পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (তাঁকে উপর্যুক্ত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে ৩০(ত্রিশ) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
১৩. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
১৪. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫. জনাব..................................
১৬. অফিস কপি।